

জন্ম নিবন্ধন

১. জন্ম নিবন্ধনের জন্য কিভাবে আবেদন করতে হয় ?

উত্তর: নিম্নোক্ত লিংকের মাধ্যমে জন্ম নিবন্ধনের জন্য আবেদন করতে হয়:

<http://bdris.gov.bd/br/application>

২. জন্ম নিবন্ধনের আবেদনের জন্য কি কি কাগজপত্র প্রয়োজন হয় ?

উত্তর: ক) পাসপোর্ট সাইজ ছবি,

খ) বাংলাদেশি পাসপোর্ট / জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত কপি

বিদেশে জন্মগ্রহণকারী সন্তানদের ক্ষেত্রে:

পিতা/মাতার জন্ম নিবন্ধন সনদ অথবা বৈধ/মেয়াদোত্তীর্ণ বাংলাদেশি পাসপোর্ট/জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি,

গ) বৈদেশিক জন্ম নিবন্ধন সনদ,

ঙ) মোবাইল নম্বর ও ইমেইল।

৩. বাংলাদেশ হাইকমিশন ক্যানবেরা থেকে ইত:পূর্বে জন্ম নিবন্ধন সনদ ইস্যু করা না হলে, তা এ হাইকমিশন থেকে সংশোধন করা যাবে কিনা ?

উত্তর: না, জন্ম নিবন্ধন সংশোধনের জন্য ইত:পূর্বে জন্ম নিবন্ধন সনদ ইস্যুকারী কর্তৃপক্ষের নিকট আবেদনপত্র দাখিল করতে হবে।

৪. আবেদনের পর জন্ম নিবন্ধনের কার্যক্রম সম্পাদনে কত দিন সময় লাগে ?

উত্তর: ১৫ দিন।

৫. জন্ম নিবন্ধন ফি কত ?

উত্তর: শিশু জন্মগ্রহণের ৪৫ দিনের মধ্যে জন্ম নিবন্ধনের আবেদন করলে কোন ফি প্রদান করতে হয় না;

৪৫ দিন পরে আবেদন করলে ২ অস্ট্রেলিয়ান ডলার প্রদান করতে হয়।

৬. কোন ধরনের ভুল সংশোধন করা যায় ?

উত্তর: সঠিক প্রমাণপত্র দাখিলের মাধ্যমে সব ধরনের ভুল সংশোধন করা সম্ভব। তবে ভুল সংশোধনের জন্য রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন, ঢাকার অনুমোদনের প্রয়োজন হয়।

৭. কিভাবে ভুল সংশোধন করা যায় ?

নিম্নোক্ত লিংকে ভুল সংশোধনের জন্য আবেদনকারীকে আবেদন করতে হবে:

<http://bdris.gov.bd/br/application>

